

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন  
তথ্য ও যোগাযোগ শাখা  
www.bncu.gov.bd  
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০১১.১৩.০০৭.১৮.১০

তারিখ: ৩ আশ্বিন ১৪২৫


১৮ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **Training Workshop on Developing Thinking Skills through Inquiry-Based Science Education, 22 - 26 October 2018, Kuala Lumpur, Malaysia-এ মনোনয়ন আহ্বান সম্পর্কিত।**

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, আগামী ২২-২৬ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে UNESCO ISTIC হতে প্রাপ্ত পত্রানুযায়ী মালয়েশিয়ার কুয়ালালামপুরে 'Training Workshop on Developing Thinking Skills through Inquiry-Based Science Education'—শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ থেকে বিজ্ঞান শিক্ষা কার্যক্রমের সাথে জড়িত একাধিক শিক্ষককে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। উল্লেখ্য, কর্মশালায় অংশগ্রহণকারীর থাকা-খাওয়া আয়োজক সংস্থা বহন করবে তবে বিমান ভাড়া, অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় এবং কোন প্রকার দৈনিক ভাতা প্রদান করবে না। এক্ষেত্রে নির্বাচিত প্রার্থীর বিমান ভাড়া অংশগ্রহণকারী বা নিজ সংস্থাকে বহন করার জন্য পত্রে অনুরোধ করা হয়েছে। এছাড়াও বর্ণিত অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনকে অবহিতপূর্বক বিষয় সংশ্লিষ্ট প্রার্থী মনোনয়ন করে <http://www.istic-unesco.org>-ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন ফর্ম (Form) সংগ্রহ এবং মনোনীত প্রতিনিধির পূরণকৃত তথ্য <https://goo.gl/forms/YhpOYySMacnUV4Hd2>-লিঙ্কের মাধ্যমে আগামী ০২ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি আয়োজক সংস্থায় প্রেরণের কথা বলা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত উপযুক্ত প্রার্থীর মনোনয়ন প্রদানের পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করা হলো।



১৮-৯-২০১৮

মোঃ মনজুর হোসেন

ডেপুটি সেক্রেটারি জেনারেল

সচিব

সচিবের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ


স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০১১.১৩.০০৭.১৮.১০/১

তারিখ: ৩ আশ্বিন ১৪২৫

১৮ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-৯-২০১৮

মোঃ মনজুর হোসেন  
ডেপুটি সেক্রেটারি জেনারেল